নির্বাচন কমিশন গঠন: ২০ জনের প্রাথমিক তালিকা করেছে সার্চ কমিটি

চেম্বার ডেস্ক:: প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার খুঁজে বের করতে পঞ্চম বৈঠকে শেষে ২০ জনের নাম চূড়ান্ত করেছে সার্চ কমিটি। ১০ জনের নাম চূড়ান্ত করতে আগামীকাল পরবর্তী বৈঠকে বসবে সার্চ কমিটি।

আজ শনিবার সার্চ কমিটির বৈঠক শেষে শনিবার সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) সামশুল আরেফিন।

সভা শেষে ব্রিফিংয়ে তিনি বলেন, বৈঠক শেষে আমরা প্রাথমিকভাবে ২০ জনের নামের একটি তালিকা করেছি। এই তালিকা থেকে আগামী দিনে আরও দু-একটি বৈঠক শেষে ১০ জনের নাম চূড়ান্ত করা হবে।

আগামীকাল বিকেলে তালিকা চূড়ান্ত করতে আরেকটি বৈঠক হবে বলেও জানান তিনি। ১০ জনের নামের তালিকা চূড়ান্ত করে কমিটি রাষ্ট্রপতির কাছে পাঠাবে।

বেলা ১১টার দিকে সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে বৈঠকটি শুরু হয়।

বৈঠকে সভাপতিত্ব করেন সার্চ কমিটির সভাপতি আপিল বিভাগের বিচারপতি ওবায়দুল হাসান। এতে উপস্থিত ছিলেন হাইকোর্ট বিভাগের বিচারপতি এস এম কুদ্দুস জামান, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মুসলিম চৌধুরী, সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান সোহরাব হোসাইন, সাবেক নির্বাচন কমিশনার মুহাম্মদ ছহুল হোসাইন ও

কথাসাহিত্যিক অধ্যাপক আনোয়ারা সৈয়দ হক।